## ইউনাইটেড স্টেটস্ ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্যা ইস্টার্ন ডিস্ট্রিক্ট অভ নিউ ইয়র্ক

### চলমান ক্লাস অ্যাকশন নোটিস

**একটি কোর্ট এই নোটিস অনুমোদন দিয়েছে। এটা কোন আইনজীবীর পক্ষে প্রচারণা নয়।**

# আপনার কি কোন সন্তান আছে যার:

# a) টাইপ 1 বা টাইপ 2 ডায়াবেটিস আছে; এবং

# b) যে এখন বা আগামীতে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর পাবলিক স্কুলে ভর্তি হবে?

একটি কোর্ট এই মামলায় একটি ক্লাস অ্যাকশন সার্টিফাই করেছে। অনুগ্রহ করে মনোযোগের সাথে নোটিসটি পড়ুন।

**প্রাপক:** নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এ বর্তমানে ভর্তি আছে বা ভর্তি হবে, এমন সকল ডায়াবেটিস আক্রান্ত শিক্ষার্থী ও পিতামাতা, স্কুলে যাদের ডায়াবেটিস সংক্রান্ত সহায়তা প্রয়োজন।

## মামলাটির বৃত্তান্ত

- ডায়াবেটিস আক্রান্ত তিনজন শিক্ষার্থী, তাদের পিতামাতাদের দ্বারা ও মাধ্যমে, আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশনকে সঙ্গে নিয়ে (একত্রে "বাদী"), স্কুলে ডায়াবেটিস আক্রান্ত ছেলেমেয়েদের জন্য উন্নততর সহায়তা চেয়ে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর বিরুদ্ধে একটি মামলা করেছেন। এ মামলাটির নাম *M.F., et al. v. New York City Department of Education, et al.*, Civil No. 18-CV-6109.

- বাদীগণ অভিযোগ করেছেন যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুলগুলো প্রতিবন্ধিতাযুক্তদের, বিশেষ করে ডায়াবেটিস আক্রান্তদের সুরক্ষা প্রদানকারী ফেডারেল আইন লঙ্ঘন করেছে, কারণ স্কুলগুলো:
    - 504 নামের সভার সময়সূচি নির্ধারণ করতে ও সভা করতে ব্যর্থ হয়েছে, এবং 504 পরিকল্পনা নামের খসড়া পরিকল্পনা করতে ও বাস্তবায়ন করতে ব্যর্থ হয়েছে, যা ছেলেমেয়েদের নিরাপদে স্কুলে উপস্থিত থাকা ও সেখানকার শিক্ষার সুযোগ গ্রহণ করার জন্য ডায়াবেটিস বিষয়ক সহায়তা ও বিশেষ ব্যবস্থার বর্ণনা দেয়;
    - স্কুল-নার্স, প্যারাপ্রফেশন্যাল, এইড, শিক্ষক, বিকল্প শিক্ষক, এবং অন্যান্য স্টাফদের ডায়াবেটিস আক্রান্তদের প্রয়োজন মেটানর জন্য যথাযথ ডায়াবেটিস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে ব্যর্থ হয়েছে;

- অহেতুক ডায়াবেটিস আক্রান্তদের নিয়মিত ডায়াবেটিস সংক্রান্ত সহায়তা গ্রহণের জন্য ক্লাস থেকে বের করে দিয়ে ও আলাদা করে মূল্যবান শিক্ষানির্দেশনা থেকে বঞ্চিত করেছে;
- যথাযথ ডায়াবেটিস সংক্রান্ত সহায়তার ব্যবস্থা না করে ডায়াবেটিস আক্রান্ত শিক্ষার্থীদেরকে স্কুল ও স্কুল সংক্রান্ত কর্মকাণ্ড যেমন ফিল্ড ট্রিপস্, স্কুল ছুটি পরবর্তী কর্মকাণ্ড, সকালের নাস্তা থেকে বঞ্চিত রেখেছে।

- অভিযোগসহ মামলাটি সম্পর্কে আরও তথ্য জেনে নিন।

- নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলসমূহে ডায়াবেটিস আক্রান্তদের জন্য যেসব সহায়তার ব্যবস্থা আছে, সেগুলো সম্পর্কে আরও জানুন।

- সকল ক্লাস সদস্যদের, অর্থাৎ স্কুলে ডায়াবেটিস সংক্রান্ত সহায়তা লাভের যোগ্য টাইপ 1 বা টাইপ 2 ডায়াবেটিস আছে, এমন সব শিক্ষার্থীদের যারা বর্তমানে স্কুলে আছে অথবা যারা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুলগুলোতে ভর্তির জন্য তালিকাভুক্ত, বাদীগণ নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর পুরো ব্যবস্থা জুড়ে নীতি, আচরণ, ও স্কুলে ডায়াবেটিস সংক্রান্ত সহায়তা ও বিশেষ ব্যবস্থাসমূহ নিয়ন্ত্রণকারী প্রক্রিয়াসমূহ পরিবর্তনের ব্যাপারে তাদের প্রতিনিধিত্ব করার জন্য বাদীগণ কোর্ট থেকে অনুমতি লাভ করেছেন।

- বিবাদীগণ কোন ভুল করেছেন কি না, সে ব্যাপারে কোর্ট এখনও সিদ্ধান্ত নেয়নি। এই মামলার ফলাফল থেকে বাদীগণ বিবাদীর কাছ থেকে কোন আর্থিক ক্ষতিপূরণ দাবি করছেন না, ক্লাস সদস্যরাও কোন অর্থ পাবেন না। বাদীগণ শুধু চাইছেন যাতে বিবাদীগণ তাদের নীতি ও আচরণ পরিবর্তন করেন।

- বাদীগণ পুরো ব্যবস্থা জুড়ে পরিবর্তন চাইছেন যা এই মামলায় অন্তর্ভুক্ত হতে আগ্রহী বা অনাগ্রহী হন বা না হন, ডায়াবেটিস আক্রান্ত সকল শিক্ষার্থীদের প্রতি প্রযোজ্য হবে।

**আপনাকে কিছুই করতে হবে না।** এই বিজ্ঞপ্তিটি আপনাকে দেওয়া হচ্ছে যাতে আপনি চাইলে মামলার খবরাখবর রাখার সুযোগ পান।

## এই মামলার আইনজীবী

1. এই মামলায় আমার কি কোন আইনজীবী আছে?

কোর্ট সিদ্ধান্ত নিয়েছে যে, একটি অলাভজনক আইনজীবী প্রতিষ্ঠান 'ডিস্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস্' (প্রতিবন্ধী অধিকার সমর্থক) সকল ক্লাস সদস্যদের 'ক্লাস কাউন্সেল' (শ্রেণিভুক্তদের পরামর্শক) হিসেবে কাজ করতে পারবে। ডিস্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস্ প্রতিবন্ধিদের অধিকার বিষয়েন অনুরূপ মামলা পরিচালনায় অভিজ্ঞ। আরও জানুন ডিসঅ্যাবিলিটি রাইটস (প্রতিবন্ধিদের অধিকার) এবং আইনজীবীদের অভিজ্ঞতা সম্পর্কে।

2. আমাকে কি একজন আইনজীবী নিতে হবে?

আপনাকে নিজস্ব আইনজীবী নিয়োগ করতে হবে না কারণ ডিসঅ্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস আপনার পক্ষে কাজ করছেন। তবে আপনি নিজস্ব আইনজীবী নিতে চাইলে সে আইনজীবীর পারিশ্রমিক আপনাকেই দিতে হবে। আপনি ক্লাস কাউন্সেল ছাড়া কাউকে আপনার জন্য কথা বলতে দিতে চাইলে তাকে আপনার পক্ষে কোর্টে উপস্থিত হতে বলতে পারেন।

3. আইনজীবীর পারিশ্রমিক কীভাবে দেওয়া হবে?

মামলায় ক্লাস কাউন্সেল যে সার্ভিস দিয়েছেন, তার জন্য তাকে কোন কিছুই দিতে হবে না। তদুপরি, এই মামলাটি পরিচালনায় প্রয়োজনীয় সকল ব্যয় তিনি অগ্রীম পরিশোধ করেছেন। ক্লাস কাউন্সেলের কাজের কারণে যদি ক্লাসের সবাই লাভবান হন, তাহলে ক্লাস কাউন্সেল বিবাদীকে ফি ও ব্যয় পরিশোধ করতে বলতে পারেন। আপনাদেরকে ক্লাস কাউন্সেলের খরচ বহন করতে হবে না।

**আপনি বা আপনার সন্তান একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী হলে এবং স্কুলে সহায়তালাভ সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ নিচের উল্লিখিত ব্যক্তির সাথে যোগাযোগ করুন:**

আপনার সন্তানের স্কুলের 504 কোঅর্ডিনেটর এবং/অথবা হেলথ্ ডিরেক্টর।

এবং/অথবা

নিল সমারফিল্ড (Neil Somerfeld), , সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার ফর N.Y.C. ডিপার্টমেন্ট অভ এডুকেশন
718-310-2429
504Questions@schools.nyc.gov

**হেলথ্ ডিরেক্টর**

| বরো/<br>সিটিওয়াইড অফিস<br>ডিস্ট্রিক্ট | হেলথ্ ডিরেক্টর | ইমেইল | ফোন নম্বর | ঠিকানা |
|---|---|---|---|---|
| **অ্যাফিনিটি** | নরবার্টো পেরেজ (Norberto Perez) | NPerez4@ schools.nyc.gov | 718-935-3891 | 131 Livingston St, Rm 607 Brooklyn, NY 11201 |

| বরো/<br>সিটিওয়াইড অফিস<br>ডিস্ট্রিক্ট | হেলথ্ ডিরেক্টর | ইমেইল | ফোন নম্বর | ঠিকানা |
|---|---|---|---|---|
| **Brooklyn North**<br>13, 14, 15, 16, 19, 23, 32 | লরেল ওয়াটসন (Laurell Watson) | LWatson21@<br>schools.nyc.gov | 718-935-3663 | 131 Livingston St, Rm 506<br>Brooklyn, NY 11201 |
| **Brooklyn South**<br>17, 18, 20, 21, 22 | জুলিয়ানা ফেলিক্স-ব্যারেট (Juliana Felix-Barret) | JFelixBarret@<br>schools.nyc.gov | 718-759-4921 | 415 89th St, Rm 509<br>Brooklyn, NY 11209 |
| **Bronx**<br>7, 8, 9, 10, 11, 12 | মারলেনি মোরেইরা (Marleni Moreira) | MMoreira3@<br>schools.nyc.gov | 718-828-4694 | 1230 Zerega Ave<br>Bronx, NY 10462 |
| **Manhattan**<br>1, 2, 3, 4, 5, 6 | ম্যাগডালেন গোমেজ (Magdalene Gomes) | MGomes6@<br>schools.nyc.gov | 212-356-7530 | 333 7th Ave, 8th Fl<br>New York, NY 10001 |
| **Queens North**<br>24, 25, 26, 30 | কারেন জ্যাঁ পিয়ের-ডেস্টিন (Carin Jean Pierre-Destin) | CPierre@<br>schools.nyc.gov | 718-391-8572 | 28-11 Queens Plaza North, 4th Fl<br>Long Island City, NY 11101 |
| **Queens South**<br>27, 28, 29 | রেচেল লুইস (Rachelle Lewis) | QSHealthDirector<br>@schools.nyc.gov | 347-647-1388 | 82-01 Rockaway Blvd, Rm 420<br>Ozone Park, NY 11416 |
| **Staten Island**<br>31 | স্টেফানি কালোয়া (Stephanie Caloir) | SCaloir@<br>schools.nyc.gov | 718-556-8383 | 715 Ocean Terrace, A-309<br>Staten Island, NY 10301 |

**এই মামলা সম্পর্কে আপনাদের কোন প্রশ্ন থাকলে আপনারা ক্লাস কাউন্সেল ডিসঅ্যাবিলিটি রাইটস্ এডভোকেট-এর সাথে নিচের ঠিকানায় যোগাযোগ করতে পারেন:**

DISABILITY RIGHTS ADVOCATES
diabeteslawsuit@dralegal.org
655 Third Avenue, 14th Floor
New York, NY 10017
Tel: (212) 644-8644

**স্কুলে ডায়াবেটিস সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে যোগাযোগ করতে পারেন:**

AMERICAN DIABETES ASSOCIATION
1-800-DIABETES (342-2383)
askada@diabetes.org